



নং-কনস/এমআরপি/অফি/৩০/৬৫

তারিখ : ২১ আগস্ট ২০১৬ খ্রি:

বিষয় : একটি (০১) বাংলাদেশ (অফিসিয়াল) MRP প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ কনসুলেট জেনারেল, মিলান-এ ভাইস কনসাল হিসেবে কর্মরত মির্জা নাফিসা মনসুর - কে তাঁর কর্মস্থল মিলানে সরকারী বিধি মোতাবেক মির্জা হনুফা (জাতীয় পরিচয় পত্র নং-১৯১৯৪৩৫৪২৭১১৬)-কে গৃহপরিচারিকা হিসেবে নেয়ার জন্য মন্ত্রণালয় অনুমোদন জ্ঞাপন করেছেন (কপি সংযুক্ত)।

এখানে উল্লেখ্য যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের অফিস আদেশ নং-এডি-পি১-০৩৪২ তারিখ: ০৩ এপ্রিল ২০১৪ মূলে মির্জা লিজা বেগম -কে মির্জা নাফিসা মনসুর -এর গৃহপরিচারিকা হিসেবে নেওয়ার অফিস আদেশ প্রদান করা হয় (কপি সংযুক্ত) এবং সে মোতাবেক মির্জা লিজা বেগম এর নামে অফিসিয়াল পাসপোর্ট যার নং OC7082465 ইস্যু করা হয়। কিন্তু মির্জা লিজা বেগম এর ব্যক্তিগত অসুবিধার কারণে তার পরিবর্তে মির্জা হনুফা -কে গৃহপরিচারিকা হিসেবে নেওয়ার জন্য মন্ত্রণালয় অনুমোদন জ্ঞাপন করেছে যার অফিস আদেশ নং-এডি-পি১-০৩৪২/৯৪৬। ফলশ্রুতিতে, মির্জা হনুফা এর অনুকূলে বিধি অনুযায়ী অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬ তারিখ : ২৪ মার্চ ২০১৬ ইং - এর ভিত্তিতে মির্জা লিজা বেগম এর অফিসিয়াল পাসপোর্ট নং OC7082465 বাতিলপূর্বক মির্জা হনুফা - এর অনুকূলে জরুরী ভিত্তিতে একটি (০১) বাংলাদেশ (অফিসিয়াল) MRP প্রদানের নিমিত্ত পূরণকৃত ফরম এতদসঙ্গে আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(আবদুল্লাহ আল রাজী)
সহকারী সচিব (এমআরপি)
ফোন : ০২-৯৫৭-৪০৫৫

ই-মেইল : asmrp@mofa.gov.bd

পরিচালক
বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. পরিচালক (সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদান করার অনুরোধসহ)

APari
21/08/16
(আবদুল্লাহ আল রাজী)
সহকারী সচিব (এমআরপি)